

শিক্ষা প্রতিষ্ঠান
মন্ত্রণালয়
১৮/১/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্থারক নং-৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭-১৮

তারিখঃ ০৪ মার্চ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ মন্ত্রীর হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের মধ্যে যাচ্ছে ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)” জারি করা হয়েছে। নীতিমালাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদলের, বাংলাদেশ শিক্ষাত্থ্য ও পরিসংখ্যাল বুরো (ব্যানবেইস), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মন্ত্রীর কর্মশাল, শিক্ষা প্রকৌশল অধিদলের, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.shed.gov.bd) দেয়া হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নে বর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন করা যাচ্ছে:

- (ক) দেশের সকল শীক্ষিত্বাঙ্গ বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও.ভুক্ত ও নন-এম.পি.ও.) মেরামত ও সংস্কার, আসবাবপত্র সংগ্রহ, খেলাধূলার সরঞ্জাম সংগ্রহ, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী বাস্তব করাসহ পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মন্ত্রীর আবেদন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অন্তর্সর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান অথচ লেখাপড়ার মান ভাল এবং প্রতিষ্ঠান-কে অঞ্চাকার প্রদান করা হবে;
- (খ) বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও.ভুক্ত ও নন-এম.পি.ও.) শিক্ষক-কর্মচারীগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য মন্ত্রীর আবেদন করতে পারবেন;
- (গ) সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও.ভুক্ত ও নন-এম.পি.ও.) ছাত্র-ছাত্রীদের দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মন্ত্রীর প্রদানের ক্ষেত্রে দুষ্ট, প্রতিবন্ধী, অসহায়, গ্রোগঘন্ট, গরীব, যেধায়ী, অন্তর্সর সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের অঞ্চাকার প্রদান করা হবে;
- (ঘ) উক্ত খাতে মন্ত্রী/অনুদান প্রাপ্তির জন্য আঁথাই শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীকে আগামী ১ ফেব্রুয়ারি ২০২১ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েব সাইটে (www.shed.gov.bd) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদানের আবেদন ফরম বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (ঙ) স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (চ) শিক্ষক-কর্মচারী ক্লাটিগারিতে আবেদনের ক্ষেত্রে টিকিস্যু সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমাণপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (ছ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (জ) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং (ডাক বিভাগের ডিজিটাল লেনদেন (নগদ)) এর মাধ্যমে প্রদান করা হবে;
- (ঝ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নথতে প্রদান করা হবে;
- (ঝঃ) আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।

(মোঃ মুজবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫১২২০৫

E-mail: moebudgetsection@gmail.com